গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
রেলপথ মন্ত্রণালয়
প্রশাসন-২ শাখা

ডিসেম্বর/২০১৭ মাসের মন্ত্রণালয়ের অভ্যন্তরীণ মাসিক সভার কার্যবিবরণী

সভাপতি : মোঃ মোফাজ্জেল হোসেন
সচিব, রেলপথ মন্ত্রণালয়।
তারিখ : ২৮.১২.২০১৭ খ্রিঃ।
সময় : বিকাল ০৩.০০ ঘটিকা।
স্থান : সম্মেলন কক্ষ (২য় তলা), রেলভবন, ঢাকা।

.০২। **উপস্থিত কর্মকর্তাগণের তালিকা: পরিশিষ্ট - 'ক'**

০৩। সভাপতি উপস্থিত সকল কর্মকর্তাকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর তিনি উপ-সচিব (প্রশাসন)-কে সভার আলোচ্য বিষয়সমূহ উপস্থাপনের জন্য অনুরোধ জানান।

০৪। উপ-সচিব (প্রশাসন) জানান যে, অনিবার্য কারণে নভেম্বর/২০১৭ মাসের অভ্যন্তরীণ সমন্বয় সভা করা হয়নি। তিনি গত ০৮-১০-১৭ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ করে শোনান। কোনরূপ সংশোধনী প্রস্তাব না থাকায় সর্বসম্মতিক্রমে অক্টোবর/২০১৭ মাসের কার্যবিবরণী দৃঢ়করণ করা হয়।

০৫। সভায় নিম্নবর্ণিত আলোচনা এবং সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

ক্র: নং	বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে/কার্যক্রম গ্রহণে
৫.১	মন্ত্রণালয়ের জনবল	মন্ত্রণালয়ের জনবল নিয়োগ ও পদোন্নতি সংক্রান্ত বিষয়ে জানানো হয় যে, মুক্তিযোদ্ধা কোটায় সংরক্ষিত ০৭ (সাত) টি পদে নিয়োগের জন্য বিভাগীয় নির্বাচন কমিটির সভা ২১.১১.২০১৭ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত হয়েছে। তবে "The Computer personnel (Government Organizations) Recruitment Rules, 1985 (Amendment 1995) বিধিমালাটি বাতিল হওয়ায় মুক্তিযোদ্ধা কোটায় কম্পিউটার অপারেটরের দু'টি পদে নিয়োগ কার্যক্রম গ্রহণ করা সম্ভব হচ্ছে না। মুক্তিযোদ্ধা কোটায় নিয়োগ কার্যক্রম গ্রহণের বিষয়ে নথি উপস্থাপন করা হয়েছে।	মুক্তিযোদ্ধা কোটায় সংরক্ষিত পদসমূহে নিয়োগের নিমিত্ত সিদ্ধান্ত গ্রহণের জন্য নথি উপস্থাপন করতে হবে।	অতিরিক্ত সচিব (প্রশাসন), রেলপথ মন্ত্রণালয়।
৫.২	অভ্যন্তরীণ প্রশিক্ষণ	সভাপতি মন্ত্রণালয়ের কর্মকর্তা/কর্মচারীদের ৬০ জনঘণ্টা করে অভ্যন্তরীণ প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে কি না সে বিষয়ে জানতে চান। যুগ্ম-সচিব (প্রশাসন) জানান যে, মন্ত্রণালয়ের অভ্যন্তরীণ প্রশিক্ষণ নিয়মিত চলমান রয়েছে। খুব শীঘ্রই 'অগ্নি নির্বাপন যন্ত্রের ব্যবহার ও পদ্ধতি' বিষয়ে প্রশিক্ষণ ও মহড়া অনুষ্ঠিত হবে। চতুর্থ শ্রেণির কর্মচারীদের বাংলাদেশ পর্যটন কর্পোরেশনের মাধ্যমে Food & Beverage বিষয়ে প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে। এছাড়া, Public Private Partnership (PPP), Sustainable Development Goal (SDG) সহ অন্যান্য বিষয়ে প্রশিক্ষণের উদ্যোগ গ্রহন করা হয়েছে। কর্মকর্তা/কর্মচারীদের উপযোগী বিভিন্ন প্রশিক্ষণ কার্যক্রম প্রশিক্ষণ-ক্যালেন্ডারে অন্তর্ভুক্ত করে উপযুক্ত প্রশিক্ষণের মাধ্যমে প্রশিক্ষণ কার্যক্রম সম্পন্নের বিষয়ে সভাপতি গুরুত্ব আরোপ করেন।	৬০ জনঘণ্টা করে মন্ত্রণালয়ের অভ্যন্তরীণ প্রশিক্ষণ কার্যক্রম নিশ্চিত করতে হবে। কর্মকর্তা/কর্মচারীদের জন্য প্রয়োজনীয় প্রশিক্ষণ কর্মসূচী প্রশিক্ষণ ক্যালেন্ডারে অন্তর্ভুক্ত করে উপযুক্ত প্রশিক্ষণের মাধ্যমে প্রশিক্ষণ কার্যক্রম সম্পন্ন করতে হবে।	১। অতিরিক্ত সচিব (প্রশাসন), রেলপথ মন্ত্রণালয়। ২। সকল কর্মকর্তা, রেলপথ মন্ত্রণালয়।

৫.৩	বার্ষিক কর্মসম্পাদন চুক্তি	সভায় জানানো হয় যে, বার্ষিক কর্মসম্পাদন চুক্তির লক্ষ্যমাত্রা অর্জনের নিমিত্ত রেলপথ মন্ত্রণালয়ের ২০১৭-১৮ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির (APA) এর কপি সকলের নিকট প্রেরণপূর্বক স্ব স্ব ক্ষেত্রে প্রযোজ্য অংশ বাস্তবায়নের অনুরোধ করা হয়েছে। সভায় আরো জানানো হয় যে, পূর্ববর্তী সভার সিদ্ধান্ত মোতাবেক মন্ত্রণালয়ের হিসাব রক্ষণ কর্মকর্তাকে কল্যাণ কর্মকর্তা নিয়োগ করা হয়েছে এবং বার্ষিক প্রতিবেদন প্রণয়ন করে ওয়েব সাইটে প্রকাশ করা হয়েছে। সভাপতি বলেন যে, APA-তে নির্ধারিত লক্ষ্যমাত্রা যাতে যথাসময়ে অর্জিত হয় সে বিষয়ে সকলকে সচেতন থাকতে হবে। তিনি APA-এর উপর আগামী মাসে একটি সভা আহ্বান করার জন্য অতিরিক্ত সচিব (অডিট ও আইসিটি)-কে নির্দেশনা প্রদান করেন । এছাড়া, তিনি ২০১৬-১৭ অর্থ বছরের বার্ষিক প্রতিবেদন অনতিবিলম্বে ছাপানোর জন্য নির্দেশনা প্রদান করেন।	১। জানুয়ারী/২০১৮ মাসে APA সংক্রান্ত একটি সভা আহ্বান করতে হবে। ২। ২০১৬-১৭ অর্থ বছরের বার্ষিক প্রতিবেদন জানুয়ারি/১৮ মাসের মধ্যে ছাপানোর ব্যবস্থা গ্রহণ করতে হবে।	অতিরিক্ত সচিব (প্রশাসন/ অডিট ও আইসিটি), রেলপথ মন্ত্রণালয়।
৫.৪	জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন	গণ শুনানী আয়োজনের জন্য মাননীয় মন্ত্রীর সম্মতি গ্রহণের নিমিত্ত নথি উপস্থাপনের জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন।	শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের অংশ হিসেবে গণ শুনানী আয়োজনের নিমিত্ত মাননীয় মন্ত্রীর সম্মতি গ্রহণের জন্য নথি উপস্থাপন করতে হবে।	অতিরিক্ত সচিব (প্রশাসন), রেলপথ মন্ত্রণালয়।
৫.৫	বিভাগীয় মামলা	সভায় জানানো হয় যে, নভেম্বর/১৭ পর্যন্ত অনিষ্পন্ন বিভাগীয় মামলার সংখ্যা ৫০টি। তার মধ্যে ৩৩টি মামলা অভিযুক্ত কর্মকর্তা জেল হাজতে থাকার কারনে স্থগিত রয়েছে। ৩ মাসের উর্ধ্বে ০২ টি এবং ৬ মাসের উর্ধ্বে ১৫ টি বিভাগীয় মামলা অনিষ্পন্ন রয়েছে। বিভাগীয় মামলা দ্রুত নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণের জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন।	বিভাগীয় মামলাগুলো দ্রুত নিষ্পত্তি করতে হবে।	১। অতিরিক্ত সচিব (সকল), রেলপথ মন্ত্রণালয়। ২। যুগ্ম-সচিব (সকল), রেলপথ মন্ত্রণালয়। ৩। উপ-সচিব (সকল), রেলপথ মন্ত্রণালয়।
৫.৬	ই-ফাইলিং	সভায় অতিরিক্ত সচিব (অডিট ও আইসিটি) জানান যে, ই-ফাইলিং এর মাধ্যমে নথি নিষ্পত্তির সংখ্যা বৃদ্ধির লক্ষে অত্র মন্ত্রণালয়ের Senior System Analyst, System Analyst Programmer এবং Assistant Programmer কে মন্ত্রণালয়ের অনুবিভাগ ভিত্তিক দায়িত্ব প্রদান করা হয়েছে। সভাপতি বলেন যে, ই-ফাইলিং এর মাধ্যমে নথি নিষ্পত্তির সংখ্যা বৃদ্ধি করতে হবে। তিনি আগামী সভায় ই-ফাইলিং এর মাধ্যমে শাখা ও অনুবিভাগ ভিত্তিক মোট নিষ্পত্তিকৃত নথি, নিষ্পত্তিকৃত ডাক ও নথির সংখ্যাগত তথ্য উপস্থাপনের নির্দেশনা প্রদান করেন।	১। ই-ফাইলিং এর মাধ্যমে নথি নিষ্পত্তির সংখ্যা বৃদ্ধি করতে হবে। ২। আগামী সভায় শাখা ও অনুবিভাগ ভিত্তিক মোট নিষ্পত্তিকৃত নথি এবং ই-ফাইলিং এর মাধ্যমে নিষ্পত্তিকৃত ডাক ও নথির সংখ্যাগত তথ্য উপস্থাপন করতে হবে।	১। সকল কর্মকর্তা, রেলপথ মন্ত্রণালয়। ২। সিনিয়র সিস্টেম এনালিস্ট, রেলপথ মন্ত্রণালয়। ৩। প্রোগ্রামার, রেলপথ মন্ত্রণালয়।

<table>
<tr><td>৫.৭</td><td>পরিদর্শন</td><td>উন্নয়ন প্রকল্পসমূহের সঠিক বাস্তবায়ন এবং মনিটরিং এর জন্য গঠিত কমিটিসমূহের সদস্যদের নিয়মিত প্রকল্পসমূহ পরিদর্শনের জন্য সভাপতি গুরুত্বারোপ করেন। এছাড়া, প্রমাপ অনুযায়ী শাখা পরিদর্শনের জন্য কর্মকর্তাদের নির্দেশনা প্রদান করেন।</td><td>১। উন্নয়ন প্রকল্প পরিদর্শন সংক্রান্ত গঠিত কমিটিসমূহ বাংলাদেশ রেলওয়ের বাস্তবায়নাধীন উন্নয়ন প্রকল্পসমূহের কার্যক্রম নিয়মিত মনিটর করবে।
২। কর্মকর্তাগণ প্রমাপ অনুযায়ী শাখাসমূহ পরিদর্শন করবেন।</td><td>সকল কর্মকর্তা, রেলপথ মন্ত্রণালয়।</td></tr>
<tr><td>৫.৮</td><td>অনিষ্পন্ন বিষয়</td><td>সভায় বিভিন্ন শাখায় / অধিশাখায় এবং বাংলাদেশ রেলওয়ের নিকট মন্ত্রণালয়ের অনিষ্পন্ন বিষয়ের তালিকা উপস্থাপন করা হয়।
<table>
<tr><th>ক্র: নং</th><th>শাখা</th><th>সংখ্যা</th><th>১ মাসের অধিক</th><th>মন্তব্য</th></tr>
<tr><td>১।</td><td>ভূমি</td><td>১৬</td><td>৪</td><td></td></tr>
<tr><td>২।</td><td>আইন</td><td>৫</td><td>৩</td><td></td></tr>
<tr><td>৩।</td><td>অডিট</td><td>৫৬</td><td>৫৬</td><td></td></tr>
<tr><td></td><td>মোট</td><td>৭৭</td><td>৬৩</td><td></td></tr>
</table>
মন্ত্রণালয়ের বিভিন্ন শাখায় অনিষ্পন্ন বিষয়সমূহ দ্রুত নিষ্পত্তির জন্য সভাপতি সকলকে নির্দেশনা প্রদান করেন।</td><td>মন্ত্রণালয়ের বিভিন্ন শাখায় যে সকল অনিষ্পন্ন বিষয় রয়েছে তা দ্রুত নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করতে হবে।</td><td>সকল কর্মকর্তা, রেলপথ মন্ত্রণালয়।</td></tr>
<tr><td>৫.৯ (ক)</td><td>বিবিধ</td><td>সভায় রেলপথ মন্ত্রণালয়ের সিটিজেন চার্টার প্রণয়নের বিষয়ে আলোচনা হয়। সভায় যুগ্মসচিব (প্রশাসন) জানান যে, সিটিজেন চার্টার প্রণয়ন করা হয়েছে। অনুমোদন সাপেক্ষে ওয়েব সাইটে প্রকাশ করা হবে।</td><td>সিটিজেন চার্টার সত্বর ওয়েব সাইটে প্রকাশ করতে হবে।</td><td>অতিরিক্ত সচিব (প্রশাসন), রেলপথ মন্ত্রণালয়।</td></tr>
<tr><td>৫.৯ (খ)</td><td>বিবিধ</td><td>সভায় কাজের গুণগত মান, নথি ব্যবস্থাপনা ইত্যাদি বিষয়ে আলোচনা হয়। সভাপতি বলেন যে, কাজের গুণগত মান উন্নয়নে সকল কর্মকর্তাকে সচেষ্ট হতে হবে। যে সমস্ত নথির কলেবর বৃদ্ধি পেয়েছে, নতুন বছরে সে সকল বিষয়ে নতুন নথি সৃজন করতে হবে। অপরিচ্ছন্ন এবং ছেঁড়া ফাইলকভার পরিবর্তন করে নতুন ফাইলকভার ব্যবহার করার জন্য সভাপতি সকল কর্মকর্তা/ কর্মচারীকে নির্দেশনা প্রদান করেন।</td><td>১। সেবার গুণগতমান উন্নয়নে সকল কর্মকর্তাকে সচেষ্ট থাকতে হবে।
২। যে সমস্ত নথির কলেবর বৃদ্ধি পেয়েছে, নতুন বছরে সে সকল বিষয়ে নতুন নথি সৃজন করতে হবে। অপরিচ্ছন্ন এবং ছেঁড়া ফাইলকভার পরিবর্তন করে নতুন ফাইলকভার ব্যবহার করতে হবে।</td><td>১। সকল কর্মকর্তা, রেলপথ মন্ত্রণালয়।</td></tr>
</table>

৬। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ মোফাজ্জেল হোসেন)
সচিব